



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৩-১২-২০২০

### সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সহযোগিতায়, বাংলাদেশ ফুটবল সাপোর্টার্স ফোরামের (বিএফএসএফ) এর ব্যবস্থাপনায় অদ্য ০৩-১২-২০২০ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম সংলগ্ন আউটার স্টেডিয়ামে (পল্টন মাঠ) "বসুন্ধরা কিংস বিএফএসএফ অনূর্ধ্ব-১৪ একাডেমি কাপ" এর উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সিনিয়র সহ-সভাপতি আবদুস সালাম মুর্শেদী, এমপি। বাফুফে কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ জনাব জাকির হোসেন চৌধুরি, জনাব টিপু সুলতান, জনাব মোঃ ইলিয়াস হোসেন, জনাব মহিদুর রহমান মিরাজ ও বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ।

এছাড়াও উপস্থিত ছিলেন জাতীয় ক্রীড়া পরিষদের সচিব (অতিরিক্ত সচিব), জনাব মোঃ মাসুদ করিম, টুর্নামেন্ট কমিটির চেয়ারম্যান ইফতেখার রহমান খান, বাংলাদেশ ফুটবল সাপোর্টার্স ফোরামের সাধারণ সম্পাদক জনাব শাহাদাত হোসেন জুবায়ের।

উক্ত প্রতিযোগিতায় বিভিন্ন দেশের অঞ্চলের ১২টি একাডেমী ফুটবল দল অংশগ্রহণ করছে।

আহসান আহমেদ অমিত  
হেড অব মিডিয়া  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।